

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো কর্মসূচি
পল্লী ভবন, ৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.১৫৮.২২-২২০২

তারিখ: ২৩ অক্টোবর ২০২২

বিষয়: ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রামপাল, বাগেরহাট উপজেলায় মাঠ সংগঠক হিসেবে কর্তব্যকর্মে অবহেলা, উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে অসৌজন্যমূলক আচরণ সহ চরম অসন্তোষজনক কার্যক্রমের জন্য স্মারক নং ৪৫৫ তারিখ: ২৪/০৮/২২ খ্রিঃ মূলে আপনাকে ব্যাখ্যা তলব করা হয়। আপনি আপনার জবাবে উল্লেখ করেছেন ০৩ (তিন) মাস অর্থাৎ নভেম্বর'২২ মাসের মধ্যে কিস্তি খেলাপী ও মেয়াদোত্তীর্ণ ঋণ হ্রাস করে সন্তোষজনক পর্যায়ে নিয়ে আসবেন। কিন্তু সফটওয়্যার পর্যালোচনায় দেখা যায়, আপনার অঙ্গীকারকালীন প্রায় ০২ (দুই) মাস অতিবাহিত হলেও বর্তমানে আপনার ব্লকভুক্ত সমিতিসমূহে ঋণ স্থিতি ৭৯.৯৪ লক্ষ টাকার বিপরীতে কিস্তি খেলাপী ২৬.৪২ লক্ষ টাকা, মেয়াদোত্তীর্ণ ঋণ ২৩.০৩ লক্ষ টাকা ও কিস্তি আদায়ের হার ২১.৩৪%। এর ফলে সুস্পষ্টভাবে প্রতীয়মান হয় যে, আপনি অঙ্গীকার করা সত্ত্বেও আপনার উপর অর্পিত দায়িত্ব পালনে সচেষ্ট হননি।

২। উল্লেখ্য, প্রকল্প সদর দপ্তরের প্রতিনিধি কর্তৃক বিগত ২০/১০/২২ খ্রিঃ তারিখ আপনাকে ঋণের অর্থ আদায়ের জন্য খেলাপীকৃত সমিতিতে অবস্থান ও অনুমতি ছাড়া বর্ণিত সমিতি ত্যাগ না করার জন্য নির্দেশনা প্রদান করা সত্ত্বেও আপনি অবহিত না করে নিজের ইচ্ছামত সমিতি ত্যাগ করেছেন; যা কর্তৃপক্ষের সাথে উদ্ধতপূর্ণ আচরণের বহিঃপ্রকাশ। এছাড়া আপনার ব্লকভুক্ত সমিতিসমূহে বিপুল পরিমাণ কিস্তি খেলাপী ও মেয়াদোত্তীর্ণ ঋণ থাকা সত্ত্বেও শুক্র ও শনিবার সমিতিতে না যেয়ে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থল ত্যাগ করেছেন। অধিকন্তু আপনি আপনার দায়িত্ব পালন বিষয়েও স্থানীয় কর্তৃপক্ষের সঙ্গে উদ্ধতপূর্ণ আচরণ করেন মর্মে তথ্য রয়েছে।

এমতাবস্থায়, আপনার কার্যক্রমে কোনরূপ অগ্রগতি না হওয়ায় এবং উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে উদ্ধতপূর্ণ আচরণ করাসহ পূর্বের ব্যাখ্যা তলবের জবাব সন্তোষজনক না হওয়ায় কেন আপনার বিরুদ্ধে চূড়ান্ত প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার সন্তোষজনক ব্যাখ্যা অত্র পত্র জারির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণের জন্য নির্দেশক্রমে বলা হলো।

মোঃ সাদেকুর রহমান
উপ প্রকল্প পরিচালক

জনাব সুরঞ্জন সরকার
মাঠ সংগঠক, ইরেসপো, বিআরডিবি,
রামপাল, বাগেরহাট

অনুলিপি কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ-----জেলাঃ-----।
২. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ-----জেলাঃ-----।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ -----।

সদয় জ্ঞাতার্থেঃ

১. প্রকল্প পরিচালক, ইরেসপো-২য় পর্যায়, বিআরডিবি, ঢাকা।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৩. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৪. অফিস নথি।